

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৫৬

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি সকাল-সন্ধ্যায় ‘সুবহানাল্লাহি ওয়া বিহামদিহী’ নির্দিষ্ট সংখ্যায় বলবে, তার পূর্বের সমস্ত গোনাহ ক্ষমা করে দিবেন

ذَكَرُ مَغْفِرَةِ اللَّهِ جَلَّ وَعَلَا مَا قَدَّمَ مِنْ ذُنُوبِ الْعَبْدِ بِقَوْلِهِ: سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ بِعَدَدٍ مَعْلُومٍ  
عِنْدَ الصَّبَاحِ وَالْمَسَاءِ

আরবী

856 – أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ قَالَ: حَدَّثَنَا  
حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ سُهَيْلٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ  
وَسَلَّمَ: (مَنْ قَالَ حِينَ يُصْبِحُ: سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ مِائَةَ مَرَّةٍ وَإِذَا أَمْسَى مِائَةَ مَرَّةٍ غُفِرَتْ  
ذُنُوبُهُ وَإِنْ كَانَتْ أَكْثَرَ مِنْ زَيْدِ الْبَحْرِ)  
الراوي : أَبُو هُرَيْرَةَ المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات  
الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 856 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮৫৬. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি দিনে একশত বার بِحَمْدِهِ وَبِحَمْدِهِ (আল্লাহর পবিত্রতা ঘোষণা করছি, এবং তাঁর প্রশংসা করছি।) পাঠ করবে, তার গোনাহ ক্ষমা করা হবে, যদিও তা সমুদ্রের ফেনা অপেক্ষা বেশি হয়।”[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ১২৬২; মুয়াত্তা ইমাম মালিক: ১/২০৯-২১০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৯০; মুসনাদ আহমাদ: ২/৩০২; সহীহ আল বুখারী: ৬৪০৫; সহীহ মুসলিম: ২৬৯১; তিরমিযী: ৩৪৬৬; ইবনু মাজাহ: ৩৮১২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আল কালিমুত তযীব: ২৬ পৃষ্ঠা।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89359>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন